

সমুদ্র সৈকত, দ্বীপ, নদী, হ্রদ, বন, চা বাগান, পার্বত্য অঞ্চল ইত্যাদির মতো প্রাকৃতিক আকর্ষণ, হেরিটেজ সাইট, ঐতিহাসিক স্থান, মানুষের তৈরি পর্যটন কেন্দ্রসহ সকল প্রকার পর্যটন আকর্ষণ স্থানে পর্যটক প্রবেশের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা আবশ্যিকভাবে প্রতিপালন করতে হবে:

- ১.১. পর্যটন আকর্ষণসমূহ চালু করার সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক এই SOP এবং সরকারি স্বাস্থ্যবিধির সাথে সঙ্গতি রেখে প্রয়োজনীয় নির্দেশনা জারি করা।
- ১.২. দেশীয় ও বিদেশি পর্যটকগণের পর্যটন আকর্ষণ ব্যবহারের বিষয়ে অনুসরণীয় নির্দেশনা ও সময়সূচি উল্লেখপূর্বক অফিসিয়াল ওয়েবসাইট আপডেট করা, অনলাইন বুকিং/টিকিট সিস্টেম চালু করা ও ব্যবহারে উৎসাহিত করা।
- ১.৩. পর্যটন কেন্দ্রের ধারণক্ষমতা নির্ধারণ করে সামাজিক দূরত্ব বিবেচনায় রেখে সীমিত সংখ্যক পর্যটক প্রবেশের অনুমতি প্রদান করা।
- ১.৪. সর্ব সাধারণের ব্যবহারের জায়গা নিয়মিতভাবে জীবাণুমুক্ত করা।
- ১.৫. নিরাপত্তামূলক সতর্কতা এবং স্বাস্থ্যবিধি মেনে বর্জ্য ব্যবস্থাপনা পরিচালনা করা।
- ১.৬. পর্যটকদের জন্য নির্ধারিত অথবা পর্যটক কর্তৃক ব্যবহৃত যানবাহন যেমন: জিপ, মহেন্দ্র/চান্দের গাড়ি ইত্যাদির যাত্রী ধারণ ক্ষমতার ৫০% বা অর্ধেক পর্যন্ত যাত্রী পরিবহনের অনুমতি প্রদান করা। প্রতিবার ভ্রমণের আগে ও পরে গাড়ি আবশ্যিকভাবে জীবাণুমুক্ত করা। চালক এবং যাত্রীদের জন্য মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করা।
- ১.৭. পর্যটক এবং হোস্টকর্মী কর্তৃক আবশ্যিকভাবে সরকারি স্বাস্থ্যবিধিসহ "জেলা বা উপজেলা COVID-19 সংক্রমণ প্রতিরোধ কমিটি" এবং "জেলা পর্যটন উন্নয়ন ও পরিচালনা কমিটি" প্রদত্ত নির্দেশনা অনুসরণ করা।
- ১.৮. পর্যটন এলাকার দোকান, স্টল, চা স্টল, ক্যাফেটেরিয়া ইত্যাদিতে সামাজিক দূরত্ব বজায় রাখা নিশ্চিত করা এবং স্বাস্থ্যবিধি প্রতিপালন করা।
- ১.৯. ধার্মাল ক্রিনিং বা তাপমাত্রা পরিমাপক ও স্যানিটাইজার ব্যবহারের ব্যবস্থা রাখা
- ১.১০. COVID-19 এ আক্রান্ত বা সন্দেহভাজন পর্যটককে অস্থায়ী বিচ্ছিন্নতা বা সংগনিরোধ জোন বা স্বাস্থ্য সেবা কেন্দ্রে স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ।

[বি: দ্র: এই নির্দেশিকা পর্যটন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান চালু করার নির্দেশিকা নয়, বরং উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশে যখন পর্যটন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান চালু হবে তখন এই নির্দেশিকা অনুসরণ করা আবশ্যিক হবে]

**Bangladesh Tourism Board**

(National Tourism Organization)

BSL Office Complex (Hotel InterContinental), Level-3

Building-2, 1 Minto Road, Dhaka-1000, Bangladesh

[www.tourismboard.gov.bd](http://www.tourismboard.gov.bd)

[www.beautifulbangladesh.gov.bd](http://www.beautifulbangladesh.gov.bd)



MINISTRY OF CIVIL  
AVIATION AND TOURISM

**Bangladesh**  
Tourism Board  
National Tourism Organization

## কোভিড ১৯ চলাকালে পর্যটন কেন্দ্র পরিচালনার জন্য অনুসরণীয় নির্দেশিকা

বাংলাদেশ টুরিজম বোর্ড  
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়